

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ০২ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/১৬ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ২২৯-আইন/২০২৬।—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় এর অধীন রেলওয়ে হিসাব বিভাগ এর নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত বিধিমালার—

- (ক) বিধি ৭ এ উল্লিখিত “(১)” বন্ধনী ও সংখ্যা বিলুপ্ত হইবে; এবং  
(খ) বিধি ৭ এর পর নিম্নরূপ নূতন বিধি ৮ সংযোজিত হইবে, যথা :—

“৮। হেফাজত সংক্রান্ত বিশেষ বিধান।—২২ নভেম্বর, ২০২০ তারিখে জারীকৃত বাংলাদেশ রেলওয়ের ক্যাডার বহির্ভূত কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ দ্বারা রহিতকৃত Bangladesh Railway Non-gazetted Service Recruitment Rules, 1985 এর রেলওয়ে একাউন্টস ডিপার্টমেন্টের অংশ (ক্রমিক নং-৮৯৪-৯১৭) ও রেলওয়ে একাউন্টস কোড পার্ট-১ এর এতদসংক্রান্ত বিধানসমূহ রহিত হওয়া সত্ত্বেও উক্ত রহিত Rules এর অধীন—

- (ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে;

(১৯৬৪৩)

মূল্য : টাকা ৪.০০

- (খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে; এবং
- (গ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, উক্ত রহিত Rules এর অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ এই বিধিমালা কার্যকর হইবার তারিখে যে পদে অধিষ্ঠিত থাকিবেন, কেবল সেই পদ হইতে পরবর্তী উচ্চতর কোনো পদে পদোন্নতির ক্ষেত্রে উক্ত রহিত Rules এর আলোকে সম্পন্ন করিতে হইবে।”।

২। এই প্রজ্ঞাপন ২৮ এপ্রিল ২০২৬ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তাহমিনা পারভীন

উপসচিব।